চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম ৪৩৪৯

## COVID-19 বা অনুরূপ দূর্যোগকালীন সময়ে অত্র বিশ্ববিদ্যালয়ের স্নাতক পর্যায়ের সেশনাল/ল্যাব ক্লাস পরিচালনা ও মূল্যায়ন এবং অনলাইনে টার্ম ফাইনাল পরীক্ষা গ্রহণের নীতিমালা:

এ নীতিমালা অত্র বিশ্ববিদ্যালয়ের প্রচলিত স্নাতক পর্যায়ের সেশনাল/ল্যাব ক্লাস পরিচালনা ও মূল্যায়ন এবং টার্ম ফাইনাল পরীক্ষা গ্রহণ ও মূল্যায়ন সংক্রান্ত নীতিমালার Complementary হিসাবে বিবেচিত হবে এবং শুধুমাত্র গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত মহামারি/অন্য কোনো দূর্যোগকালীন সময়ের জন্য প্রযোজ্য হবে।

### ক) অনলাইনে সেশনাল/ল্যাব ক্লাস পরিচালনা ও মূল্যায়ন:

#### ১। সেশনাল/ল্যাব কোর্স পরিচালনাঃ

১.১। অনলাইনে সেশনাল/ল্যাব ক্লাস পরিচালনার ক্ষেত্রে একটি গ্রুপে শিক্ষার্থী সংখ্যা সাধারণভাবে ৩০ জন থাকবে।

১.২। সেশনাল/ল্যাব ক্লাস পরিচালনার সময়সীমা প্রতি Credit এর জন্য সপ্তাহে ২ ঘন্টা বরাদ্দ থাকবে।

১.৩। প্রতিটি সেশনাল/ল্যাব ক্লাসের জন্য নির্ধারিত ল্যাব শীট ক্লাস শুরুর পূর্বেই শিক্ষার্থীদের নিকট সরবরাহ করতে হবে।

১.৪। প্রতিটি সেশনাল/ল্যাব ক্লাসের শুরুতে ক্লাসে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করার পর সেশনাল এর ধরণ অনুযায়ী (যেমন ডিজাইন, ল্যাবরেটরী, কম্পিউটার সিমুলেশন, রিলেটেড থিওরি, ড্রয়িং, সেফটি মেজার ইত্যাদি) সংশ্লিষ্ট সেশনালের উদ্দেশ্য ও শিক্ষনীয় বিষয় (Learning outcomes) সম্পর্কিত আলোচনা করতে হবে।

১.৫। প্রযোজ্য ক্ষেত্রে Real Time Setup, Simulation অথবা Demonstration এর মাধ্যমে শিক্ষার্থীদের সংশ্লিষ্ট সেশনালের যন্ত্রপাতি, কার্যপ্রণালী, অপারেশন, ডাটা কালেকশন ইত্যাদি বিষয়ে আলোচনা করতে হবে।

১.৬। সেশনাল/ল্যাব ক্লাসটি যথাসম্ভব Interactive করার ব্যবস্থা করতে হবে।

১.৭। Hands on Practice সম্পর্কিত ল্যাব সমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্স শিক্ষক যথাযথ Demonstration এর মাধ্যমে ল্যাব ক্লাসটি উপস্থাপনের ব্যবস্থা করবেন।

১.৮। প্রযোজ্য ক্ষেত্রে নির্দিষ্ট সেশনালের রিপোর্ট প্রস্তুতের জন্য সংশ্লিষ্ট কোর্স শিক্ষক প্রয়োজনীয় তথ্য/উপাত্ত (ডাটা) সরবরাহ করবেন। সরবরাহকৃত তথ্য/উপাত্তের ভিত্তিতে শিক্ষার্থীদের রিপোর্ট প্রস্তুত করণের জন্য নির্দেশনা প্রদান করবেন।

১.৯। সেশনাল/ল্যাব ক্লাসটি পরবর্তিতে আপলোড/সংরক্ষণ করার জন্য পুরো ক্লাসটি ভিডিও রেকর্ড করবেন।

#### ২। সেশনাল/ল্যাব কোর্স মূল্যায়নঃ

২.১। সেশনাল কোর্সসমূহের মূল্যায়নের ক্ষেত্রে এ বিশ্ববিদ্যালয়ের এতদ্সংক্রান্ত প্রচলিত নিয়ম অনুসরণ করা হবে।

২.২। সেশনাল/ল্যাব মূল্যায়নের ক্ষেত্রে Continuous assessment পদ্ধতি সমূহকে প্রাধান্য দিতে হবে। (যেমনঃ Short quiz, viva-voce/Interactive discussion, computation/ছক/গ্রাফ তৈরি ইত্যাদি)

২.৩। Final quiz এর ক্ষেত্রে সৃজনশীল প্রশ্ন পদ্ধতির মাধ্যমে মূল্যায়ন করতে হবে।

২.৪। Final viva এর ক্ষেত্রে frequent question repetition যথাসম্ভব পরিহার করতে হবে।

৩। সেশনাল/ল্যাব ক্লাস পরিচালনা সংক্রান্ত **Supporting tools/software:**

৩.১। সেশনাল/ল্যাব ক্লাস পরিচালনার ক্ষেত্রে সাধারণভাবে Zoom/Google Meet/Google Classroom ব্যবহার করা হবে।

৩.২। সেশনাল/ল্যাব ক্লাস সংক্রান্ত প্রয়োজনীয় সকল তথ্য (report/video/assignment/lab sheet) ব্যবস্থাপনার জন্য Google Classroom/module অথবা অত্র বিশ্ববিদ্যালয়ের repository ব্যবহার করা হবে।

৩.৩। শিক্ষার্থীর Lab Report (সহস্তে লিখিত/কম্পিউটার কম্পোজ) pdf ফাইল আকারে নির্ধারিত Google Classroom/repository-তে Upload করতে হবে। রিপোর্ট এর pdf ফাইলটি নিম্নোক্ত ফরমেটে save করতে হবে।

Course code_Exp no_student ID

Example:ETE 402_Exp 01_1608001

(খ) অনলাইনে টার্ম ফাইনাল পরীক্ষা গ্রহণ ও মূল্যায়ন:

১। সাধারণ তথ্যাবলী:

১.১। অনলাইনে টার্ম ফাইনাল পরীক্ষা Google Classroom ও Zoom Platform এর মাধ্যমে গ্রহণ করা হবে। উভয় Platform এ পরীক্ষার্থীদের অবশ্যই CUET কর্তৃক প্রদত্ত Official E-mail এর মাধ্যমে Login করতে হবে।

১.২। অনলাইনে টার্ম ফাইনাল পরীক্ষা গ্রহণ সংক্রান্ত সিদ্ধান্ত বিজ্ঞপ্তির মাধ্যমে কমপক্ষে ১০ দিন পূর্বে পরীক্ষার্থীদের অবহিত করতে হবে।

১.৩। সাধারণভাবে একটি বিভাগে একই তারিখে ও সময়ে শুধুমাত্র একটি লেভেল এর পরীক্ষা গ্রহণ করা যেতে পারে।

১.৪। প্রতিটি কোর্সের টার্ম ফাইনাল পরীক্ষার দু'টি অংশ থাকবে ঃ (i) লিখিত এবং (ii) Term Paper

১.৫। তত্ত্বীয় কোর্সের নম্বর বন্টন নিম্নরূপ হবেঃ

| ক্রমিক নং | অংশ | নম্বর (%) |
|---|---|---|
| ১ | ক্লাশ উপস্থিতি এবং Performance | ১০ |
| ২ | ক্লাশ টেস্ট ও Assignment | ২০ |
| ৩ | চূড়ান্ত মূল্যায়নঃ | |
| (i) | Term Paper | ২০ |
| (ii) | লিখিত পরীক্ষা (Online) | ৫০ |
| | মোট | ১০০ |

১.৬। প্রতিটি কোর্সের লিখিত পরীক্ষার প্রশ্নপত্রে দু'টি সেকশন (A এবং B) থাকবে। উত্তরপত্র Upload সহলিখিত পরীক্ষার সময়কাল হবে ২ ঘন্টা ৩০ মিনিট। নির্ধারিত সময়ের পর উত্তরপত্র Upload করার সুযোগ থাকবে না।

১.৭। লিখিত পরীক্ষার প্রশ্নপত্রে প্রতি সেকশনে ৩টি করে মোট ৬টি প্রশ্ন থাকবে এবং পরীক্ষার্থীদের প্রতি সেকশন থেকে ২টি করে মোট ৪টি প্রশ্নের উত্তর প্রদান করতে হবে।

১.৮। টার্ম ফাইনাল পরীক্ষার অংশ হিসেবে প্রত্যেক পরীক্ষার্থীকে সংশ্লিষ্ট কোর্সের সিলেবাস থেকে Term Paper প্রদান করা যেতে পারে। তবে কপি করার প্রবনতা রোধকল্পে যথাসম্ভব Term Paper প্রদানের ক্ষেত্রে ভিন্নতা (Variation) রাখতে হবে।

১.৯। Term Paper বলতে লিখিত Report কে বুঝাবে, যা একজন শিক্ষার্থী Term এর শেষে সংশ্লিষ্ট কোর্সের চূড়ান্ত পরীক্ষার পূর্বে জমা প্রদান করবে।

Term Paper assign এবং মূল্যায়নের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো খেয়াল রাখতে হবেঃ

(i) Term Paper প্রদানের মাধ্যমে একজন শিক্ষার্থীর Overall analytical দক্ষতা যাচাইয়ের ব্যবস্থা থাকতে হবে।

(ii) Term Paper মূল্যায়নে Understanding, analytical ability, Problem solving, design অথবা Complex problem solving ইত্যাদি দক্ষতা যাচাইয়ের ব্যবস্থা করতে হবে।

(iii) Term Paper প্রদানের সময় মূল্যায়নের জন্য Rubic (মূল্যায়ন নির্দেশনা) উল্লেখ করতে হবে।

(iv) Term Paper অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ের লিখিত পরীক্ষার আগের দিন বিকাল ৫ টার মধ্যে জমা দিতে হবে।

১.১০। ফাইনাল পরীক্ষায় একটি ভার্চুয়াল পরীক্ষার হলের জন্য সাধারণভাবে ৩০ জন পরীক্ষার্থীর সমন্বয়ে একটি গ্রুপ গঠন করতে হবে এবং কমপক্ষে ২ জন শিক্ষক প্রত্যবেক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন।

১.১১। প্রতিটি কোর্সের লিখিত পরীক্ষার সময় স্ব স্ব প্রত্যবেক্ষক, নির্ধারিত পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান এবং প্রধান প্রত্যবেক্ষক Zoom Platform-এ সংযুক্ত থাকবেন।

১.১২। কোনো পরীক্ষার্থী কোনো কোর্সের ফাইনাল পরীক্ষায় (লিখিত চূড়ান্ত পরীক্ষা) অনুপস্থিত থাকলে এবং নির্ধারিত সময়ে Term Paper জমা প্রদানে ব্যর্থ হলে উক্ত কোর্সে অকৃতকার্য বলে গণ্য হবে।

১.১৩। বর্তমান অতিমারীর (COVID-19) উন্নতি হলে এবং বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ খোলা রেখে পরীক্ষাসূচী প্রণীত হলে স্ব-শরীরে পরীক্ষা নেয়া হবে। সেক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে না।

<u>(খ) পরীক্ষার্থীদের করণীয়:</u>

১। অনলাইনে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে পরীক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত উত্তরপত্রের Cover Page-এর Format-এ প্রদত্ত Declaration অংশের নিচে নির্ধারিত স্থানে অবশ্যই স্বহস্তে স্বাক্ষর করতে হবে।

২। পরীক্ষা শুরুর পূর্বে পরীক্ষার্থী সাধারণভাবে নির্দিষ্ট Zoom link এর waiting room এ থাকবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পূর্বে তারা Examination room/Zoom Platform এ যোগদান করতে পারবে। কোনো পরীক্ষার্থী পরীক্ষা শুরু হওয়ার ৫ মিনিটের মধ্যে Zoom Platform-এ যোগদান করতে ব্যর্থ হলে তাকে অনুপস্থিত হিসেবে গণ্য করা হবে।

৩। পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার্থীরা তাদের নিজ নিজ Admit কার্ড এবং Student ID Card সঙ্গে রাখবে এবং হল প্রত্যবেক্ষক এর চাহিদা মোতাবেক প্রদর্শন করবে।

৪। প্রত্যবেক্ষকগণের সার্বক্ষণিক মনিটরিং এর সুবিধার্থে পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার্থীদেরকে ভিডিও ক্যামেরা ও মাইক্রোফোন সচল রাখতে হবে। পরীক্ষার্থী ভিডিও ক্যামেরায় নিজেকে এবং টেবিলে রাখা উত্তপত্র দৃশ্যমান রাখার ব্যবস্থা নিবে।

৫। পরীক্ষার্থীকে তার নিজ দায়িত্বে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট এর ব্যবস্থা করতে হবে এবং প্রয়োজনে বিকল্প/Redundant ইন্টারনেট এর ব্যবস্থা করতে হবে। কোনো কারণে Zoom এর Disconnect হলে ৫ মিনিটের মধ্যে অবশ্যই Reconnect করতে হবে। উল্লেখিত সময়ের মধ্যে সংযুক্ত হতে ব্যর্থ হলে বিভাগীয় প্রধানকে অবশ্যই অবহিত করবে। বিভাগীয় প্রধান, প্রধান প্রত্যবেক্ষকের সাথে পরামর্শ করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

৬। উত্তরপত্র তৈরির ক্ষেত্রে প্রথম পাতায় পরীক্ষার্থীদেরকে এ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সংযুক্ত Format অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে। উত্তরপত্রের প্রত্যেক পৃষ্ঠার উপরে পরীক্ষার্থীর আইডি নম্বর, কোর্স নম্বর ও পৃষ্ঠা নম্বর ইংরেজিতে লিখতে হবে। পৃষ্ঠা নম্বর এমনভাবে লিখতে হবে যেন উত্তরপত্রে কতটি পৃষ্ঠা আছে তা বুঝা যায়। যেমন, 2/5 বলতে বুঝাবে উত্তরপত্রে মোট ৫টি পৃষ্ঠা আছে এবং এটি ২য় পৃষ্ঠা। উল্লেখ্য যে, স্ক্যানিং এর সময় অস্পষ্টতা নিরসনে পরীক্ষার্থীরা শুধুমাত্র কাগজের একপাশে স্বহস্তে উত্তর লিখবে। পরীক্ষার্থীরা উত্তরপত্রের জন্য A-4 সাইজের কাগজ ব্যবহার করবে এবং যথাসম্ভব কম সংখ্যক পৃষ্ঠার মধ্যে উত্তর লিখা সম্পন্ন করবে।

৭। নির্ধারিত Template/Format অনুযায়ী সেকশন-A এবং সেকশন-B এর প্রশ্নের উত্তরের জন্য আলাদা আলাদা উত্তরপত্র তৈরী করতে হবে।

৮। পরীক্ষার জন্য নির্ধারিত সময়ের মধ্যে সেকশন-A এবং সেকশন-B এর উত্তরপত্র আলাদাভাবে স্ক্যানকরে pdf Format এ Google Classroom-এ আপলোড করতে হবে। উত্তরপত্রের pdf ফাইল নিম্নোক্ত Format এ সেভ করতে হবে।

Student ID_Course code_Section

Example:1608001_ETE 401_Aএবং1608001_ETE 401_B

৯। পরীক্ষার্থী কর্তৃক একটি Term এর প্রতিটি কোর্সের মূল উত্তরপত্র সংরক্ষণ করতে হবে। ঐ Term এর সকল পরীক্ষা শেষ হওয়ার পর ৫ কর্ম দিবসের মধ্যে স্ব-শরীরে উপস্থিত হয়ে সংরক্ষণকৃত সকল উত্তরপত্র স্ব স্ব বিভাগীয় প্রধানের নিকট জমা দিতে হবে অথবা বীমাকৃত রেজিষ্টার্ড ডাকযোগে প্রেরণ করতে হবে।